...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	৩০ মে ২০২১ খ্রি. রবিবার
সভার সময়	সন্ধ্যা : ৭.৩০ টায়
স্থান	zoom app এর মাধ্যমে অনলাইনে
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে করোনা ভাইরাসজনিত কারণে বিদ্যমান সংকট থেকে মুক্তির জন্য সভাপতি মহান সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ১১ এপ্রিল ২০২১ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	কোভিড ১৯ এর সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় সরকার ঘোষিত লকডাউনে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর ঢাকায় অবস্থানের বিষয়ে আলোচনা হয়।	লকডাউন চলাকালে ট্রাস্টের কোনো কর্মকর্তা/কর্মচারী ঢাকা ত্যাগ করতে পারবে না সবাইকে আবশ্যিকভাবে ঢাকায় অবস্থান করতে হবে।	কর্মকর্তা/ কর্মচারী সকল
২.	লকডাউনে জরুরি কাজ চিহ্নিত করে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	লকডাউন চলাকালে ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীগণ ই-মেইল, টেলিফোনে যোগাযোগের মাধ্যমে এবং প্রয়োজনে জুম মিটিং এর মাধ্যমে ই-নথিতে জরুরি কাজ সম্পাদন করবেন।	কর্মকর্তা/ কর্মচারী সকল
৩.	যে কোনো ধরনের দুর্ঘটনা এড়ানোর জন্য বৈদ্যুতিক সরঞ্জাম ও কম্পিউটার সামগ্রী এবং ট্রাস্টের গাড়িসমূহের নিয়মিত সার্ভিসিং এর বিষয়ে আলোচনা হয়।	নিয়মিত বৈদ্যুতিক সরঞ্জাম, কম্পিউটার সামগ্রী এবং ট্রাস্টের গাড়িসমূহের সার্ভিসিং করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)

৪.	ই-শিক্ষা সহায়তা ও ই-আর্থিক অনুদান প্রদান কার্যক্রম দু'টি উদ্বোধনের বিষয়ে আলোচনা হয়।	ই-শিক্ষা সহায়তা ও ই-আর্থিক অনুদান প্রদান কার্যক্রম দু'টি উদ্বোধনের পূর্বে live-এ যাওয়ার উপযোগী কিনা সকল বিষয়াদি যাচাই করার জন্য ট্রাস্টের পরিচালক, উপ-পরিচালক এবং প্রোগ্রামার-এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে।	পরিচালক
৫.	সহকারী পরিচালক (প্রশাসন) সভায় জানান, গত ২৫/০৩/২০২১ তারিখে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৪' পর্যালোচনামূলক কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ট্রাস্টের কাজের পরিধি বিস্তৃত হওয়ার প্রেক্ষিতে নিজস্ব চাহিদা অনুযায়ী ব্লকড পদসমূহ পদোন্নতির সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় পদসোপান তৈরি ও পদ সৃজনের উদ্যোগ নেয়ার সিদ্ধান্ত হয়।	জুমের মাধ্যমে ট্রাস্টের কর্মকর্তাদের সমন্বয়ে সভা আয়োজন করে প্রয়োজনীয় পদের তালিকা প্রস্তুত করতে হবে।	পরিচালক
৬.	ট্রাস্টি বোর্ডের ১১তম সভার কার্যবিবরণী ৫.৩ (চ) এর সিদ্ধান্তের আলোকে ট্রাস্ট ফান্ডের আকার বৃদ্ধির পাশাপাশি সারা দেশের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি, আর্থিক সহায়তা ও আর্থিক অনুদান প্রদান কার্যক্রমের পরিধি সম্প্রসারণের জন্য বাংলাদেশ ব্যাংক, এফবিসিসিআই এবং বিএবি-'র সাথে সক্রিয় যোগাযোগের বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ ব্যাংক, এফবিসিসিআই এবং বিএবি'র সাথে সক্রিয় যোগাযোগের মাধ্যমে ফান্ড সম্প্রসারণের উদ্যোগ নিতে হবে।	পরিচালক
৭.	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP)-এর অফিস ট্রাস্ট কার্যালয়ে স্থানান্তর কার্যক্রমের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা হয়।	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP) এর অফিস স্থানান্তরের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	পরিচালক
৮.	লকডাউন চলাকালীন জুমের মাধ্যমে "Introduction to web development" বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	"Introduction to Web Development" প্রশিক্ষণের My SQL উপর ক্লাস সম্পন্ন হওয়ার পরে HTML ও CSS এর উপর ০১ টি প্রোগ্রামিং সংক্রান্ত পরীক্ষা এবং পরবর্তী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রোগ্রামার
৯.	এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান ও ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত আরও একটি সভা জুন মাসের মধ্যে আয়োজন করা যায় কিনা সে বিষয়ে আলোচনা হয়।	দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান ও ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত সভা জুন মাসের মধ্যে আয়োজন করা হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
১০.	বর্ষাকালে ডেঙ্গু বা এডিস মশার বংশ বিস্তার রোধে ট্রাস্ট অফিসের পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে আলোচনা হয়।	প্রত্যেক কর্মকর্তা-কর্মচারী তার নিজ কক্ষের পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।	কর্মকর্তা/ কর্মচারী সকল
১১.	কোভিড-১৯ সংক্রমণের তীব্রতা হঠাৎ করে উর্ধ্বমুখী হওয়ায় সভাপতি সভায় উদ্বেগ প্রকাশ করেন। সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক কাজে অংশগ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারী নিয়মিত অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করবেন এবং সকলকে আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.৭৬ তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৮

০৬ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) হিসাব রক্ষক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২০) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক